গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া সদর
www.sadar.brahmanbaria.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২১৩.০০০.০০০.৯৯.০০০১.২৬- ১৬৯০

তারিখ : ২৬ কার্তিক ১৪৩৩ / ০৮ নভেম্বর ২০২৬

--নিলাম বিজ্ঞপ্তি--

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) কর্তৃক বাস্তবায়িত নিম্নবর্ণিত ছকে উল্লেখিত ০২ (দুই)টি ঝুঁকিপূর্ণ ও অনুপোযোগী ব্রীজ/কালভার্ট যেখানে যে অবস্থায় আছে, সেই অবস্থায় উন্মুক্ত সিলমোহরকৃত দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয় করা হবে।

নিলামের শর্তাবলী:

১। আগ্রহী দরদাতাগণকে আগামী ১২ নভেম্বর বেলা ১১ ঘটিকার মধ্যে এই কার্যালয়ে রক্ষিত বাক্সে সীলমোহরকৃত দরপত্র জমা দিতে হবে।

২। দাখিলকৃত দরপত্রসমূহ ঐদিনই বেলা ৩ (তিন) ঘটিকায় উপস্থিত দরদাতাদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে উপজেলা নিলাম কমিটি কর্তৃক খোলা হবে।

৩। দরপত্রের সাথে প্রাক্কলিত মূল্যের ১০% সমপরিমাণ টাকা অফেরতযোগ্য জামানত হিসেবে নগদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে।

৪। সর্বোচ্চ দরদাতাকে দরপত্র অনুমোদনের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সম্পূর্ণ টাকা সরকারি চালানের মাধ্যমে জমা দিয়ে নিজ দায়িত্বে ও খরচে মালামাল স্পট থেকে অপসারণ করতে হবে।

৫। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক্রঃ নং	নিলাম উপযোগী ব্রীজ ও কালভার্ট এর স্থান/নাম	রোড আইডি নং	সরকারি প্রাক্কলিত মূল্য (টাকা)	মন্তব্য
০১	বাসুদেব ইউপি চান্দি বাজার আপটু খরমপুর রোড এর বক্স কালভার্ট চেইনেজ ৬০ মি: এবং চেইনেজ ২০০মি:।	৪১২১৩৩০১৯	৭,০০০.০০ (সাত হাজার টাকা)	যেখানে যে অবস্থায় আছে
০২	বরিশল দক্ষিণ পাড়া ভূঁইয়া মার্কেট - বরিশল ঈদগাহ ভায়া মসজিদ মাদ্রাসা ও লিটল কিন্ডার গার্ডেন রাস্তা এর আরসিসি ফুট ব্রীজ চেইনেজ ৯০০ মি:।	৪১২১৩৪১৩৮	১,৪৩৮.০০ (এক হাজার চারশত আটত্রিশ টাকা)	যেখানে যে অবস্থায় আছে
সর্বমোট প্রাক্কলিত মূল্য =			**৮,৪৩৮.০০ (আট হাজার চারশত আটত্রিশ টাকা)**	

০৮.১১.২০২৬
মাহমুদা জাহান
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া সদর (সদস্য-সচিব, উপজেলা নিলাম কমিটি)।
৩। সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৪। অফিস কপি।